# AKASHVANI(AIR)

## RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 13-01-2026 Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) বিদেশ মন্ত্রী এস জয়শঙ্কর আজ আসন্ন BRICS শিখর সম্মেলনের লোগো , মূল ভাবনা ও ওয়েবসাইটের সূচনা করেছেন ।

২) মাদক মুক্ত, সুস্থ ও লক্ষে স্থির যুব সমাজই, বিকশিত ভারতের স্বপ্ন সফল করে তুলতে পারে বলে উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ মন্তব্য করেছেন।

৩) পশ্চিমবঙ্গে নিপাহ ভাইরাসে আক্রান্ত হওয়ার দুটি ঘটনা শনাক্ত হওয়ার পর কেন্দ্রীয় সরকার রাজ্যে একটি যৌথ জাতীয় রোগ প্রতিরোধ দল পাঠিয়েছে।

৪) ইরানে ভার্চুয়াল মার্কিন দূতাবাসের তরফ থেকে সেদেশে থাকা মার্কিন নাগরিকদের অবিলম্বে ইরান ত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে ।

৫) নতুন দিল্লিতে আজ শুরু হচ্ছে ব্যাডমিন্টনের ইন্ডিয়া ওপেন ২০২৬ টুর্নামেন্ট।

oooooooooooooooooooooo

বিদেশ মন্ত্রী এস জয়শঙ্কর আজ আসন্ন BRICS শিখর সম্মেলনের লোগো , মূল ভাবনা ও ওয়েবসাইটের সূচনা করেছেন । নতুন দিল্লিতে আজ সাংবাদিকদের তিনি বলেন, বিশ্বের বৃহত্তর কল্যাণে, BRICS গোষ্ঠী ভুক্ত দেশগুলির আরও ঘনিষ্ঠ হবার প্রয়োজনীয়তা রয়েছে । চলতি বছরে, BRICS কুড়ি বছর পূর্ণ করবে । নতুন দিল্লিতে অনুষ্ঠিত হতে চলা, এবারের সম্মেলন অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে তিনি মন্তব্য করেন। এক প্রশ্নের উত্তরে ড জয়শঙ্কর জানিয়েছেন , উন্নয়নশীল দেশগুলির বাজার অর্থনীতির মঞ্চ হয়ে উঠবে BRICS । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এবারের সম্মেলন সফল হবে বলে তিনি জানান ।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ ওয়াশিংটন ডিসিতে মার্কিন অর্থ সচিব স্কট বেসেন্ট আয়োজিত গুরুত্বপূর্ণ খনিজ পদার্থ সংক্রান্ত মন্ত্রীপর্যায়ের বৈঠকে অংশ নেন। রেয়ার আর্থ এলিমেন্ট সহ গুরুত্বপূর্ন খনিজের আন্তর্জাতিক সরবরাহ শৃঙ্খল মজবুত রাখার বিষয়ে বৈঠকে আলোচনা হয়। অনুষ্ঠানে শ্রী বৈষ্ণো বলেন, দ্রুত গতিতে বৈদ্যুতিন সামগ্রী উৎপাদনকারী ভারতের মতো দেশে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বৈঠকে অংশগ্রহকারী দেশগুলি সরবরাহ শৃঙ্খল অটুট রাখার বিষয়ে কি উদ্যোগ নেওয়া হচ্ছে তার ওপর আলোকপাত করেন। অস্ট্রেলিয়া, কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালী, জাপান, মেক্সিকো, দক্ষন কোরিয়া এবং ব্রিটেন বৈঠকে অংশ নেয়।

oooooooooooooooooooo

উপরাষ্ট্রপতি রাধাকৃষ্ণান বলেছেন উন্নত ভারতের স্বপ্ন মাদক মুক্ত, সুস্থ যুবসমাজের মাধ্যমেই বাস্তবায়িত হবে। তিনি আজ দিল্লি বিশ্ববিদ্যালয়ের মাদক মুক্ত ক্যাম্পাস অভিযান অনুষ্ঠানে এক ভাষণে, বিকশিত ভারতের স্বপ্ন সফল করতে  মাদকাশক্তি মুক্ত যুবসমাজের প্রয়োজন। তিনি বলেন, নেশামুক্ত ভারত অভিযানকে সরকার সবসময় অগ্রাধিকার দেয়।

(বাইট – রাধাকৃষ্ণাণ)

oooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে নিপাহ ভাইরাসে আক্রান্ত হওয়ার দুটি ঘটনা শনাক্ত হওয়ার পর কেন্দ্রীয়  সরকার রাজ্যে একটি যৌথ জাতীয় রোগ প্রতিরোধ দল পাঠিয়েছে।
কল্যাণীর 'অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেস' AIIMS-এ তাঁদের নমুনা পজেটিভ আসে।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা এব্যাপারে গতকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে টেলিফোনে কথা বলেন। মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, তিনি গতকাল রাজ্যের মুখ্য সচিব এবং স্বাস্থ্য সচিবের সঙ্গে'ও কথা বলেন। পরিস্থিতি মোকাবিলা এবং রোগ ছড়িয়ে পড়া ঠেকাতে তিনি রাজ্যকে সবরকমের সহায়তার আশ্বাস দেন।

( বাইট- নাড্ডা )

উল্লেখ্য, রাজ্যে নীপা ভাইরাসে দুজন আক্রান্ত হওয়ার প্রেক্ষিতে মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী গতকাল নবান্নে জরুরী বৈঠক করেন। মুখ্যসচিব বলেন, উত্তর চব্বিশ পরগনার বারাসতে একটি বেসরকারি হাসপাতালে কর্মরত ঐ দুজন সেখানেই চিকিৎসাধীন।

তাদের চিকিৎসায় রাজ্য সরকার সব ধরনের সহায়তা করবে। রোগীরা কাদের সংস্পর্শে এসেছিলেন, তা' জানার চেষ্টা চলছে। পাশাপাশি পূর্ব বর্ধমান, উত্তর চব্বিশ পরগনা ও নদীয়া জেলাতে বাড়ানো হয়েছে নজরদারি।

বাদুড়-বাহিত এই রোগ প্রতিরোধে একটি মান্য কার্যবিধি তৈরির পাশাপাশি সাধারণ মানুষকে অযথা আতঙ্কিত না হয়ে সতর্ক থাকার আবেদন জানিয়েছেন তিনি। এজন্য খোলা হয়েছে দুটি হেল্পলাইন নাম্বার'ও।

oooooooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ আজ গুজরাটের গান্ধী নগরের মানোসা পুরসভায় দুশো ষাট কোটি টাকা মূল্যের বিভিন্ন উন্নয়ন মূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এই প্রকল্পের মাধ্যমে বিভিন্ন সড়ক সংযোগ, স্বাস্থ্য পরিষেবা এবং পানীয় জল প্রকল্প কার্জকর হবে। তিনি মান্সার আর্টস এন্ড কমার্স কলেজের নবনির্মিত স্পোর্টস কমপ্লেক্সের উদ্বোধন করেন।

oooooooooooooooooooooooo

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে লাক্ষা দ্বীপে মাল্টিস্পেশালিটি জয়েন্ট সার্ভিসেস মেডিক্যাল ক্যাম্পের সূচনা করেছেন । তিনি এই অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে বলেন, ভারতীয় নৌ বাহিনীর গড়ে তোলা এই মেডিক্যাল ক্যাম্পটি প্রত্যন্ত অঞ্চলের মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেবে ।

(বাইট – রাজনাথ)

সরকারের উদ্দেশ্যই হলো, এই কেন্দ্রশাসিত অঞ্চলটির সর্বত্র দীর্ঘ মেয়াদী স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়া । সেই উদ্দেশ্যকে সামনে রেখেই এই উদ্যোগ নেওয়া হয়েছে ।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫শে জানুয়ারি আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য চলতি মাসের ২৩ তারিখ পর্যন্ত পরামর্শ গ্রহণ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা * ভারতের প্রযুক্তিগত আত্ম নির্ভরতা * । মহাকাশ বিজ্ঞানী সব্যসাচী পালের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০

ইরানে ভার্চুয়াল মার্কিন দূতাবাসের তরফ থেকে সেদেশে থাকা মার্কিন নাগরিকদের অবিলম্বে ইরান ত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে । এক সতর্ক বার্তায় জানানো হয়েছে, ইরানে সেদেশের অভ্যন্তরীণ বিক্ষোভ হিংসাত্মক হয়ে উঠতে পারে ।

এদিকে , মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, যে সমস্ত দেশ ইরানের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক অব্যহত রাখবে, তাদের ওপর ২৫ শতাংশ শুল্ক অবিলম্বে কার্যকর হবে । মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের বিরুদ্ধে সম্ভাব্য সামরিক অভিযানের সম্ভাবনাও বাতিল করেনি ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

জার্মান চ্যান্সেলার ফ্রেডরিক  মার্জ আজ বেঙ্গালুরু পৌঁছেছেন। কর্ণাটকের বৃহৎ ও মাঝারি শিল্পমন্ত্রী এম বি পাটিল তাকে বিমানবন্দরে স্বাগত জানান। তথ্য প্রযুক্তির এই শহর সফরকালে মার্জ জার্মান প্রযুক্তি কোম্পানী BOSCH-এর সদর দফতরে যাবেন। এছাড়াও ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্সে সেন্টার ফের ন্যান সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং চত্ত্বর ঘুরে দেখবেন। জার্মান চ্যান্সেলারের এই বেঙ্গালুরু সফর দু-দেশের মধ্যে প্রযুক্তি, উদ্ভাবন এবং সহযোগিতার ক্ষেত্র আরও দৃঢ় করবেন বলে মন্ত্রী এম ভি পাটিল এক সোশ্যাল মিডিয়া পোস্টে জানিয়েছেন।

oooooooooooooooooooo

বাংলাদেশের ফেনী জেলার দাগনভূঞা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে গত রবিবার রাতে আঠাশ বছর বয়সী হিন্দু অটোরিকশা চালক সমীর কুমার দাসকে নৃশংসভাবে খুন করা হয়েছে। তাকে মারধর করে দেশীয় অস্ত্র দিয়ে আঘাত করা হয়। হামলাকারীরা তার সিএনজি অটো রিক্সাটি নিয়ে ঘটনাস্থল থেকে পালিয়ে যায়।

স্থানীয়রা দক্ষিণ করিমপুর মুহুরী বাড়ির কাছে তার রক্তাক্ত মৃত দেহ দেখতে পেয়ে পুলিশকে খবর দেয়। নিহতের পরিবারের সদস্যরা জানিয়েছেন, তিনি বেশ কয়েক বছর ধরে অটোরিকশা চালিয়ে সংসার চালাতেন।

পুলিশ জানিয়েছে, তদন্ত চলছে এবং জড়িতদের গ্রেপ্তারের চেষ্টা করা হচ্ছে।

oooooooooooooooooooo

একগুচ্ছ সরকারি প্রকল্পের উদ্বোধনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ১৭'ই জানুয়ারী শনিবার, রাজ্যে আসছেন। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন, ঐদিন মালদায় প্রধানমন্ত্রী বেশ কয়েকটি ট্রেনের উদ্বোধন করবেন। এর মধ্যে রয়েছে হাওড়া- গুয়াহাটি (কামাখ্যা) বন্দে ভারত স্লিপার ট্রেন এবং বেশ কয়েকটি অমৃত ভারত এক্সপ্রেস। পাশাপাশি তিনি একটি জনসভাতেও অংশ নিয়ে ভাষণ দেবেন।

পরদিন ১৮ তারিখ হুগলীর সিঙ্গুরে'ও প্রধানমন্ত্রীর অপর একটি জনসভায় ভাষণ দেওয়ার কথা।

oooooooooooooooooooo

ভারতীয় সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী বলেছেন, পূর্ণ স্বাধীনতার সঙ্গে কাজ করা এবং প্রতিক্রিয়া দেওয়ার ক্ষেত্রে তিন বাহিনীর সফল সমন্বয়ের আদর্শ উদাহরণ হল অপারেশন সিঁদুর।

নতুনদিল্লিতে আজ এক সাংবাদিক সম্মেলনে জেনারেল দ্বিবেদী বলেন, পহেল্গাওন সন্ত্রাসবাদী হামলার পর সর্বোচ্চ পর্যায়ে দৃষ্টান্তমূলক প্রত্যাঘাত করায় যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল তা সফলভাবে কার্যকর করা হয়েছে। সেনাপ্রধান বলেন, সশস্ত্র বাহিনী নয়টি লক্ষ্যের মধ্যে সাতটি সফলভাবে ধ্বংস করেছে এবং পাকিস্তানের সন্ত্রাসবাদী কার্যকলাপের বিরুদ্ধে একটি সুচিন্তিত প্রত্যাঘাত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

জেনারেল দ্বিবেদী আরো বলেছেন, ১০ই মে থেকে দেশের পশ্চিম সীমান্ত এবং জম্মু ও কাশ্মীরের পরিস্থিতি সংবেদনশীল থাকলেও তা নিয়ন্ত্রণে রয়েছে। তিনি উল্লেখ করেন, ২০২৫ এ ৩১ জন সন্ত্রাসবাদীকে নির্মূল করা হয়েছে, যার মধ্যে ৬৫ শতাংশই পাকিস্তানি বংশোদ্ভূত। দেশের উত্তরাঞ্চলের পরিস্থিতি স্থিতিশীল থাকলেও সার্বক্ষণিক নজরদারি প্রয়োজন বলেও মনে করেন তিনি।

oooooooooooooooooooo

নতুন দিল্লির ইন্দিরা গান্ধী ইন্ডোর স্টেডিয়ামে আজ থেকে শুরু হচ্ছে ব্যাডমিন্টনে ইন্ডিয়া ওপেন ২০২৬ টুর্নামেন্ট। দু'বারের অলিম্পিক পদকজয়ী পিভি সিন্ধুর নেতৃত্বে নামবে ভারত। সিন্ধুর সঙ্গে মহিলাদের সিঙ্গলসে খেলবেন মালবিকা বানসোদ এবং তানভি শর্মা। মহিলাদের ডাবলসে খেলবেন তৃষা জলি এবং গায়ত্রী গোপীচাঁদ জুটি।

পুরুষদের সিঙ্গলসে লক্ষ্য সেন এবং আয়ুশ শেঠি উদ্বোধনী রাউন্ডে পরস্পরের মুখোমুখি হবেন। অংশ নেবেন প্রাক্তন বিশ্ব চ্যাম্পিয়নশিপ পদকজয়ী কিদাম্বি শ্রীকান্ত এবং এইচএস প্রণয়ও।

পুরুষদের ডাবলসে, বিশ্বের ৩ নম্বর জুটি সাত্ত্বিকসাইরাজ রঙ্কিরেড্ডি এবং চিরাগ শেট্টিও নামবেন। মিক্সড ডাবলসে, প্যারিস ২০২৪ অলিম্পিয়ান তানিশা ক্রাস্টো এবং ধ্রুব কপিলা টুর্নামেন্টে ভারতের শীর্ষ জুটি হয়ে নামবেন।

oooooooooooooooooooo

ভারত আবহাওয়া দফতর আজ দিল্লি, হরিয়ানা, চণ্ডীগড় এবং পাঞ্জাবে ঘন থেকে অতি ঘন কুয়াশার জন্য লাল সতর্কতা জারি করেছে। হিমাচল প্রদেশ, ঝাড়খণ্ড, ওড়িশা, রাজস্থান, হরিয়ানা, চণ্ডীগড়, দিল্লি এবং পাঞ্জাবের কিছু অংশে শৈত্যপ্রবাহের পরিস্থিতি থাকবে।

আইএমডি আরও জানিয়েছে, শনিবার পর্যন্ত জম্মু ও কাশ্মীর, লাদাখ, হিমাচল প্রদেশ, উত্তরাখণ্ডসহ হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গ এবং সিকিমে ঘন কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে।

এছাড়া তামিলনাড়ু, পুদুচেরি এবং করাইকালের কিছু জায়গায় বজ্রপাতের পূর্বাভাস দেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo